

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.২৯.১২৯.২২-১৮৩২

তারিখ:- ২১ জ্যৈষ্ঠ ১৪৩০ ব.
০৪ জুন ২০২৩খ্রি.

বিষয়ঃ- শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আয়োজিত জাতীয় পর্যায়ে যুব মতবিনিময় ২০২৩ কর্মসূচিতে যুব ও যুবনারী প্রতিনিধি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে আগামী ১২ হতে ১৬ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ৫(পাঁচ)দিন ব্যাপী জাতীয় পর্যায়ে যুব মতবিনিময় কর্মসূচির আয়োজন করা হয়েছে। কর্মসূচিতে দেশের বিভিন্ন পর্যায়ের (যুব সংগঠনের সদস্য, যুব উদ্যোক্তা, আত্মকর্মা, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, সমাজিক সংগঠন ও উন্নয়নকর্মা) মোট ২০০ জন যুব ও যুবনারী প্রতিনিধি অংশ নিবেন। মাননীয় প্রতিমন্ত্রী **জনাব মোঃ জাহিদ আহসান রাসেল** এমপি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

দেশের বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈশিষ্টের পারস্পরিক বিনিময় এবং কর্মসংস্থানে তাঁদের উদ্যোগ, ভূমিকাসহ বিভিন্ন যুব কার্যক্রম সম্পর্কে মতবিনিময়ের উদ্দেশ্যে সকল শ্রেণীর যুবদের সমন্বয়ে এ যুব মতবিনিময় কর্মসূচি প্রতি বছর আয়োজন করা হয়। জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ও অংশগ্রহণের পাশাপাশি বিভিন্ন অঞ্চলের যুবদের পারস্পরিক মতবিনিময়ের সুযোগ সৃষ্টি করা এর কর্মসূচির অন্যতম উদ্দেশ্য।

যুব মতবিনিময় কর্মসূচিতে অংশগ্রহণের জন্য প্রতি জেলা হতে ১৮ হতে ৩৫ বছর বয়সের মধ্যে উপযুক্ত ০২(দুই) জন করে (০১ জন যুব ও ০১ জন যুবনারী) যুব সংগঠনের প্রতিনিধির তালিকা (Ms word Nikosh Font) আগামী ০৮ জুন ২০২৩(বৃহস্পতিবার) জরুরী ভিত্তিতে প্রেরণ এবং তাঁদের উপস্থিতি আগামী ১২ জুন বেলা ৩.০০ টার মধ্যে নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

মনোনীত যুব প্রতিনিধিদেরকে যাতায়াত ভাতা, আবাসন ও খাবার ব্যবস্থা ইনস্টিটিউটের পক্ষ হতে করা হবে। এ বিষয়ে প্রয়োজনে জনাব রেবেকা সুলতানা, উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন) মোবাইল নং-০১৭১১-৬৩৯৮০৪ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

(মোঃ নজরুল ইসলাম)

মহাপরিচালক(অ.দা.)

ফোন:-০২-২২৪৪২৬০৩০

ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd

উপপরিচালক (সকল)

যুব উন্নয়ন অধিদপ্তর

জেলা:.....

অনুলিপি:

১. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২. প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় (যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।